

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দৌলতখান, ভোলা।
doulatkhan.bhola.gov.bd

স্মারক নং : ০৫.১০.০৯২৯.০০০.৯৯.০০১.২১-৪৫৬

তারিখ : ২৫/০৭/২০২৩ খ্রি.


নিয়োগ বিজ্ঞপ্তি

“জেলা ও উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র পরিচালনা নীতিমালা-২০২১” অনুযায়ী দৌলতখান উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্রে নিম্নোক্ত পদে অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের জন্য আর্থীক প্রার্থীগণের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্রম	পদের নাম	পদের সংখ্যা	বয়স	মাসিক সম্মানী (সর্বসাকুল্যে)	যোগ্যতা
১	পেশ ইমাম	০১(এক)	অনুর্ধ্ব ৪৫ বছর	১৫,০০০/-	ক) দ্বিতীয় শ্রেণীর কামিল ডিগ্রি/দাওরায়ে হাদিস পাশ। কোন প্রতিষ্ঠানে খতিব, মুফতি বা মুহাদ্দিস হিসেবে ০৫(পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। খ) হাফেজ-ই-কোরআন ও ইলমে ক্বিরাত এর উপর স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক সনদপ্রাপ্ত। হাফেজ-ই-কুরআন অধিকার পাবেন। গ) আরবিতে কথা বলা ও আরবিতে উপস্থিত খুতবা পাঠ এবং ইসলামের উপর গবেষণাধর্মী প্রকাশনা অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে।
২	মুয়াজ্জিন	০১(এক)	অনুর্ধ্ব ৪০ বছর	১০,০০০/-	ক) দ্বিতীয় শ্রেণীর আলিম অথবা সমমানের কওমী শিক্ষাগত যোগ্যতাসম্পন্ন স্বীকৃতবোর্ড/প্রতিষ্ঠান থেকে সনদধারী। সংশ্লিষ্ট ক্ষেত্রে/মুয়াজ্জিন হিসেবে ৩(তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। খ) হাফেজ-ই-কোরআন ও ইলমে ক্বিরাত এর ওপর স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক সনদপ্রাপ্তদের অধিকার দেয়া হবে।
৩	খাদিম	০২(দুই)	২৫-৩৫ বছর	৭,৫০০/-	ক) দ্বিতীয় শ্রেণীর আলিম অথবা সমমানের কওমী শিক্ষাগত যোগ্যতাসম্পন্ন স্বীকৃতবোর্ড/প্রতিষ্ঠান থেকে সনদধারী। খ) শারীরিকভাবে সুস্থ ও সক্ষম হতে হবে। গ) সংশ্লিষ্ট ক্ষেত্রে /খাদিম হিসেবে ১(এক) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।

শর্তাবলীঃ

- প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে।
- আবেদন পত্রে প্রার্থীকে (ক) নাম, (খ) পিতার নাম, (গ) মাতার নাম, (ঘ) স্থায়ী ঠিকানা, (ঙ) বর্তমান ঠিকানা, (চ) জন্ম তারিখ ও বর্তমান বয়স (ছ) জাতীয়তা, (জ) শিক্ষাগত যোগ্যতা, (ঝ) মোবাইল নম্বর, (ঞ) বৈবাহিক অবস্থা এবং (ট) অভিজ্ঞতা উল্লেখপূর্বক আবেদন করতে হবে।
- আবেদনপত্রে নিম্নলিখিত কাগজ পত্রাদি সংযুক্ত করতে হবে।
ক। পৌরসভা/ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্র।
খ। প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা (০৩)কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি।
গ। প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক চারিত্রিক সনদের মূলকপি।
ঘ। সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সনদের সত্যায়িত ফটোকপি।
ঙ। জাতীয় পরিচয় পত্রের ফটোকপি।
- আবেদনকারী প্রার্থীগণকে পেশ ইমাম পদে ১,০০০/(একহাজার) টাকা, মুয়াজ্জিন পদে ৭০০/(সাতশত)টাকা এবং খাদিম পদের জন্য ৫০০/- (পাঁচশত) টাকার ব্যাংক ড্রাফট উপজেলা নির্বাহী অফিসার, দৌলতখান, ভোলা বরাবর দাখিল করতে হবে।
- আবেদনপত্র উপজেলা নির্বাহী অফিসার, দৌলতখান, ভোলা এর বরাবর আগামী ১০/০৮/২০২৩ খ্রিঃ তারিখ, রোজ বৃহস্পতিবার বিকাল ৪:০০ টার মধ্যে ডাকযোগে অথবা সরাসরি জমা দিতে হবে। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ এবং নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত আবেদনপত্রসমূহ বাতিল বলে গণ্য হবে।
- কোন ব্যক্তি একাধিক পদে আবেদন করতে পারবেন না। যদি কোন ব্যক্তি একাধিক পদে আবেদন করেন তাহলে তার সকল আবেদন বাতিল বলে গণ্য হবে।
- সঠিক আবেদনকারীদের লিখিত ও মৌখিক পরিক্ষার তারিখ ও সময় পরবর্তীতে জানানো হবে। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ,ডিএ প্রদান করা হবেনা।
- কোন তথ্য গোপন করে চাকরীতে নিয়োগ প্রাপ্ত হলে বা ভবিষ্যতে গোপনের বিষয়টি প্রমাণিত হলে উক্ত প্রার্থীর নিয়োগাদেশ বাতিল করে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- আবেদনকারীকে বিবাহিত হতে হবে।
- যে কোন প্রকার সুপারিশ তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য হবে।
- আবেদন পত্র গ্রহণ/বাতিল ও সংরক্ষণসহ নিয়োগ বিজ্ঞপ্তির যে কোন অংশ পরিবর্তন ও সংশোধনের ক্ষমতা নিয়োগ প্রদানকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করে এবং নিয়োগ প্রদানের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি গ্রহণ করা হবেনা।
- স্থায়ী জনকাঠামো অনুমোদিত না হওয়া পর্যন্ত পরিচালনা কমিটি কর্তৃক সম্মানীর ভিত্তিতে অস্থায়ীভাবে জনবল নিয়োগ দেয়া হবে।


(পাঠান মোঃ সাইদুলজামান)
উপজেলা নির্বাহী অফিসার

সভাপতি

মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র পরিচালনা কমিটি
দৌলতখান, ভোলা।

অনুলিপিঃ সদয় অবগতি ও কার্যার্থে :

- ০১। মাননীয় সংসদ সদস্য-১১৬, ভোলা-০২ ও প্রধান উপদেষ্টা, উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র পরিচালনা কমিটি দৌলতখান, ভোলা।
- ০২। মহা-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, ঢাকা।
- ০৩। প্রকল্প পরিচালক, "৫৬০ টি মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র স্থাপন" শীর্ষক প্রকল্প, ঢাকা।
- ০৪। জেলা প্রশাসক, ভোলা।
- ০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দৌলতখান, ভোলা ও উপদেষ্টা, উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র পরিচালনা কমিটি দৌলতখান, ভোলা।
- ০৬। উপ-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, ভোলা।
- ০৭। জনাব -----
সদস্য, উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র পরিচালনা কমিটি, দৌলতখান, ভোলা।
- ০৮। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, দৌলতখান, ভোলা। (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশ করার জন্য)
- ০৯। চেয়ারম্যান (সকল)-----ইউনিয়ন পরিষদ, দৌলতখান, ভোলা। (বিজ্ঞপ্তিটি বহুল প্রচার ও নোটিশবোর্ডে টানানোর জন্য)
- ১০। সংশ্লিষ্ট নথি।

(পাঠান মোঃ সাইদুজ্জামান)
উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি

মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র পরিচালনা কমিটি
দৌলতখান, ভোলা।